# বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Judicial Administration Training Institute)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

  বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট বিগত ২০১৭-১৮ অর্থ বছরে মোট ৫৪৯ জনকে এবং ২০১৮-১৯ অর্থ বছরে মোট ১১০৪ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে। এছাড়া ২০১৯-২০ অর্থ বছরে ৫৯০ জনকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যে এই প্রতিষ্ঠান প্রশিক্ষণের আয়োজন করে যাচ্ছে। ইতোমধ্যে ইনস্টিটিউটে প্রচলিত বিভিন্ন কোর কোর্সের পাশাপাশি আদালত ও মামলা ব্যবস্থাপনা, শ্রম আইন, সরকারী ক্রয় সংক্রান্ত আইন ও বিধি, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ আইন; সন্ত্রাস-বিরোধী, মানিলন্ডারিং ও দূর্নীতি দমন আইন এবং বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) বিষয়ক একাধিক কর্মশালারও আয়োজন করা হয়েছে। ২০১৮ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৬৪০ জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে নির্বাচনী অপরাধ আমলে গ্রহণ ও সংক্ষিপ্ত বিচার করার দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে জরুরী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, অত্র ইনস্টিটিউট আইন ও বিচার বিভাগের সাথে যৌথ উদ্যোগে ই-প্রকিউরমেন্ট প্রশিক্ষণসহ ILO, WINROCK International, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (NLASO), UNHCR, BLAST, WE CAN Bangladesh, USAID এর Justice for All Programme এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের $A_2i$ প্রজেক্টের সাথে ইনস্টিটিউট যৌথ উদ্যোগে একাধিক প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে।

  ইনস্টিটিউটে ১টি মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন করা হয়েছে যা আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক গত ০৭ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে শুভ উদ্বোধন করা হয়েছে। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের ঐকান্তিক প্রচেষ্টায় ইনস্টিটিউটে কম্পিউটার ল্যাবের জন্য সম্প্রতি ৩০ টি কম্পিউটার ক্রয়সহ ৭১ টি কম্পিউটার টিওএন্ডটি ভুক্ত করা হয়েছে। জনবল সংকট নিরসন কল্পে ১৯টি পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে উক্ত মন্ত্রণালয় ১০টি পদ সৃজনে অনুমোদন প্রদান করেছে যা অর্থ মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থীদের জন্য ইন্টারনেটসহ প্রিন্টিং সুবিধার জন্য ই-কর্ণার চালু করা হয়েছে এবং ডরমিটরী ও ক্লাসরুমসহ প্রত্যেক তলায় wifi সুবিধা প্রদান করাসহ ইনস্টিটিউটে আগত প্রশিক্ষণার্থীদের জন্য online রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য ইতোমধ্যে ই-রেজিস্ট্রেশন সুবিধা চালু করা হয়েছে। ইনস্টিটিউটের ৫ম তলায় গবেষণা কার্যক্রম সম্পাদনের নিমিত্ত একটি 'Quiet Zone' স্থাপন করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

  ইনস্টিটিউটের প্রধান সমস্যা এর স্থান স্বল্পতা। অত্যন্ত স্বল্প পরিসরে বর্তমানে এর কার্যক্রম পরিচালিত হওয়ায় বর্তমানে এক সঙ্গে একটির বেশি কোর্স পরিচালনা করা সম্ভব হচ্ছে না। প্রতিষ্ঠানটির ডরমিটরীতেও রয়েছে অপর্যাপ্ত আবাসন ব্যবস্থা। অধিকন্তু, প্রয়োজনের তুলনায় কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা কম হওয়ার ফলে ইনস্টিটিউটের নিয়মিত কার্যক্রম ব্যাহত হচ্ছে।

- **ভবিষ্যৎ পরিকল্পনা**

  ইনস্টিটিউটের প্রকৃত উদ্দেশ্য তথা যথাযথ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বিচার ব্যবস্থায় গুনগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে ইনস্টিটিউট নিয়মিত কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে ইনস্টিটিউটের ১০ম হতে ১২ তলা পর্যন্ত উর্দ্ধমুখী সম্প্রসারণের কাজ শুরু হয়েছে। ১০ম তলা ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থীদের জন্য আরেকটি আবাসন ব্যবস্থা (ডরমিটরী) করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। স্থান সংকট দূর করার জন্য ইনস্টিটিউটের উত্তর পার্শ্বের জমি ইনস্টিটিউট বরাবরে বরাদ্দ প্রদান করার জন্য পত্র প্রদান করা হয়েছে। পূর্বের অনুমোদিত ০৯ টি পদ ও ২৭তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্তে আলোকে আরো ১১ টি পদসহ সর্বমোট ২০ টি পদ সৃজনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ইনস্টিটিউটের গ্রন্থাগারটিকে ই-লাইব্রেরীতে রূপান্তর প্রক্রিয়া চলমান রয়েছে।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

* ২০১৯-২০ অর্থবছরে বিচারবিভাগীয় কর্মকর্তা, সহায়ক কর্মচারি ও সরকারি কৌশুলীসহ মোট ৫৯০ জনকে ইনস্টিটিউট কর্তৃক প্রশিক্ষণ প্রদান;

* প্রশিক্ষণার্থীদের জন্য আরেকটি নতুন ডরমিটরী স্থাপন;

* ই-লার্নিং পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান;

* ইনস্টিটিউটের লাইব্রেরীতে একটি পৃথক রিসার্স জোন প্রস্তুত করে উপযুক্ত গবেষণা কর্ম ও বই পুস্তক সংগ্রহকরণ;

* ইনস্টিটিউটের ওয়েবসাইটকে ডায়নামিক, আধুনিক ও ন্যাশনাল জুডিসিয়াল পোর্টালের সাথে সংযুক্তকরণ এবং

* এটুআই প্রোগামের সাথে MoU সম্পাদনের প্রেক্ষিতে প্রশিক্ষণ পদ্ধতি অংশগ্রহণমূলক করার জন্য দৃশ্যমান পদক্ষেপ গ্রহণকরণ।

